# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪০

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১১. আল্লাহর পথে পাহারা দানে বিনিদ্র রজনী যাপন করা সম্পর্কে

بَاب فِي الَّذِي يَسْهَرُ فِي سَبِيلِ اللَّهِ حَارِسًا

## আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا ابْنُ الدَّرَاوَرْدِيِّ عَنْ صَالِحِ بْنِ مُحَمَّدِ بْنِ زَائِدَةَ قَالَ سَمِعْتُ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ الْجُهَنِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَحِمَ اللَّهُ حَارِسَ الْحَرَسِ قَالَ عَبْد اللَّهِ وَعُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ لَمْ يَلْقَ عُقْبَةَ بْنَ عَامِرٍ

## বাংলা

২৪৪০. উকবা ইবনে আমের আল-জুহানী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “আল্লাহ তা’আলা নিরাপত্তামূলক পাহারাদানকারীদের উপর রহমত বর্ষণ করুন।”[1] আব্দুল্লাহ আদ দারিমী বলেন, বর্ণনাকারী উমার ইবনু আব্দুল আযীয উক্বাহ ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহু এর সাক্ষাৎ লাভ করেননি।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদে দু’টি ত্রুটি বিদ্যমান: ১. ইনকিতা’ বা সনদে বিচ্ছিন্নতা ২. সালিহ ইবনু মুহাম্মদ ইবনু যাইদাহ যয়ীফ ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭৫০ তে। এছাড়াও, সাঈদ ইবনু মানসুর নং ২৪১৬; বাইহাকী, সিয়ার ৯/১৪৯, ১৫০ মুরসাল যয়ীফ; আরও দেখুন, মিসবাহুয যুজাজাহ ২/৩৯৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 󰀀 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন